

স্মারক নং- ইউজিসি/প্রশা:/৩৩১(২৬)/২০২৫/৩২৯৮


তারিখ : ২৪ আষাঢ় ১৪৩৩
০৮ জুলাই ২০২৬

বিষয় : সহকারী সচিব/সহকারী পরিচালক পদের নির্বাচনী সাক্ষাৎকার (মৌখিক পরীক্ষা) গ্রহণ প্রসঙ্গে।

এতদ্বারা সংশ্লিষ্ট পরীক্ষার্থীগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সহকারী সচিব/সহকারী পরিচালক পদে জনবল নিয়োগের নিমিত্ত স্থগিতকৃত নির্বাচনী সাক্ষাৎকার (মৌখিক পরীক্ষা) আগামী ১৯-০৭-২০২৬ তারিখ রবিবার ও ২০-০৭-২০২৬ তারিখ সোমবার সকাল ১০:০০ টায় কমিশন ভবনের ৬ষ্ঠ তলায় অবস্থিত সভা কক্ষে অনুষ্ঠিত হবে। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য নির্বাচিত প্রার্থীদেরকে আগামী ১৯-০৭-২০২৬ তারিখ সকাল ১০:০০ টা পর্যন্ত <https://ugcad-ac.bdren.net.bd/> লিংকে প্রবেশ করে প্রবেশপত্র সংগ্রহ করার জন্য অনুরোধ করা হলো। প্রবেশপত্র ছাড়া নির্বাচনী সাক্ষাৎকারে (মৌখিক পরীক্ষায়) অংশগ্রহণের সুযোগ প্রদান করা হবে না।

সাক্ষাৎকারের সময় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদসমূহের মূল কপি অবশ্যই সঙ্গে আনতে হবে। এছাড়াও চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের নিকট থেকে আবেদনপত্র অগ্রায়ণের প্রমাণপত্র সঙ্গে আনতে হবে।

উল্লেখ্য, নির্বাচনী সাক্ষাৎকারে উপস্থিত হওয়ার জন্য কমিশন থেকে কোনো প্রকার ভাতা প্রদান করা হবে না।


ড. মোঃ ফখরুল ইসলাম
সচিব